ফোন ঃ ৯৫৫০৩৫৩

গোপনীয়

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
শৃংখলা পরিদপ্তর
আনসার চেম্বার (৭ম তলা), ১৪৯ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

স্মারক নং-৩৭-পাউবো/শৃং/শা-১/অভি(গ)-০২/২০১৮

তারিখঃ ২৮/১০/১৪২৬ বঙ্গাঃ
১১/০২/২০২০ খ্রিঃ

## "দ প্ত রা দে শ"

অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা এর দপ্তর ডাইরী নং-১২৫ তারিখঃ ১৪/০১/২০১৮ খ্রিঃ এর মাধ্যমে প্রাপ্ত ঢাকা যান্ত্রিক (পাম্প হাউজ ) বিভাগ, বাপাউবো, শিমরাইল, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ এর সকল ভুক্তভূগী কর্মচারীবৃন্ধের পক্ষে জনাব মোঃ আব্দুল হান্নান, হিসাব করণিক, ঢাকা যান্ত্রিক (পাম্প হাউজ) বিভাগ, বাপাউবো, শিমরাইল, নারায়ণগঞ্জ এর বিরুদ্ধে ১৩ (তের) জন কর্মচারীর স্বাক্ষরীত অভিযোগপত্রে বর্ণিত অভিযোগসমূহ তদন্ত করার জন্য অত্র দপ্তরের স্মারক নং-৫৬-পাউবো/শৃং/শা-১/অভি(গ)-০২/২০১৮ তারিখঃ ২০/০৩/২০১৮ খ্রিঃ এর মাধ্যমে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে অভিযোগ প্রমাণিত হওয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী তার বিরুদ্ধে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৫২ মোতাবেক অত্র দপ্তরের স্মারক নং-২০১-পাউবো/শৃং/শা-১/অভি(গ)-০২/২০১৮ তারিখঃ ১৩/১১/২০১৮ খ্রিঃ এর মাধ্যমে কার্যধারা সূচনা পূর্বক অভিযোগনামা প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে তার দাখিলকৃত লিখিত জবাব/বিবৃতি পর্যালোচনান্তে কর্তৃপক্ষ কর্তৃক সন্তোষজনক বিবেচিত না হওয়ায় এবং তার বিরুদ্ধে সূচিত কার্যধারাটি অগ্রসর হওয়ার পর্যাপ্ত কারণ বিদ্যমান থাকায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৫২(২)(গ) মোতাবেক তার বিরুদ্ধে আনীত অভিযোগ সমূহ তদন্তের জন্য অত্র দপ্তরের স্মারক নং-৩২-পাউবো/শৃং/শা-১/অভি(গ)-০২/২০১৮ তারিখঃ ১৮/০২/২০১৯খ্রিঃ এর মাধ্যমে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়।

২। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে প্রদত্ত মতামত ও আনুসংগিক রেকর্ডপত্র পর্যালোচনায় জনাব মোঃ আব্দুল হান্নান, হিসাব করণিক, ঢাকা যান্ত্রিক (পাম্প হাউজ) বিভাগ, বাপাউবো, শিমরাইল, নারায়ণগঞ্জ বর্তমানে হিসাব করণিক, ভেড়ামারা পাম্প হাউজ বিভাগ, বাপাউবো, ভেড়ামারা কুষ্টিয়া এর বিরুদ্ধে মৃত কর্মচারী আব্দুল মান্নান মল্লিকের স্ত্রী মোসাঃ আনোয়ারা বেগম এবং হিসাব করণিক শাহানারা আক্তারের সঙ্গে খারাপ আচরণ ও দুর্ব্যবহারের বিষয়টি তদন্তে প্রমাণিত হওয়ায় অর্থাৎ তিনি দোষী সাব্যস্থ হওয়ায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(ক)(অ) মোতাবেক তার উপর তিরস্কার (Censure) দন্ড আরোপের বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। এমতাবস্থায়, উক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব মোঃ আব্দুল হান্নান, হিসাব করণিক, ঢাকা যান্ত্রিক (পাম্প হাউজ) বিভাগ, বাপাউবো, শিমরাইল, নারায়ণগঞ্জ বর্তমানে হিসাব করণিক, ভেড়ামারা পাম্প হাউজ বিভাগ, বাপাউবো, ভেড়ামারা কুষ্টিয়া এর উপর বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(ক)(অ) মোতাবেক তার উপর তিরস্কার (Censure) দন্ড আরোপ করা হলো।

৪। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

১১/02/2020

(ফেরদৌসি বেগম)
পরিচালক
পরিচিতি নম্বর-৬৩১২৩০০০১
টেলিফোন নং-৯৫৫০৩৫৩
dir.discipline.bwdb@gmail.com

অঃপৃঃদ্রঃ

স্মারক নং-৩৭(১৩)-পাউবো/শৃং/শা-১/অভি(গ)-০২/২০১৮ তারিখঃ ২৮/১০/১৪২৬ বঙ্গাঃ
১১/০২/২০২০ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইলঃ

১। প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা ।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা পওর সার্কেল, বাপাউবো, ঢাকা ।
৩। সচিব, বাপাউবো, ঢাকা।
৪। পরিচালক, কর্মচারী পরিদপ্তর/কর্মচারী উন্নয়ন পরিদপ্তর/হিসাব রক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৫। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৬। সিস্টেম এনালিস্ট, চীফ মনিটরিং এর দপ্তর, আইসিটি সেল, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য আদিষ্টমতে অনুরোধ করা হলো।
৭। নির্বাহী প্রকৌশলী, ঢাকা যান্ত্রিক (পাম্প হউজ) বিভাগ, বাপাউবো, শিমরাইল, নারায়নগঞ্জ /ভেড়ামারা যাস বিভাগ, বাপাউবো,ভেড়ামারা, কুষ্টিয়া।
৮। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিবচালক (প্রশাসন/ পূর্ব রিজিওন), বাপাউবো, ঢাকা।
৯। জনাব মোঃ আব্দুল হান্নান, হিসাব করণিক, ঢাকা যান্ত্রিক (পাম্প হাউজ) বিভাগ, বাপাউবো, শিমরাইল, নারায়ণগঞ্জ বর্তমানে হিসাব করণিক, ভেড়ামারা পাম্প হাউজ বিভাগ, বাপাউবো, ভেড়ামারা কুষ্টিয়া।

১১/০২/২০২০
(ফজলুল করিম)
উপ পরিচালক
পরিচিতি নম্বর-৬৪০৩১১০০১
টেলিফোন-৯৫৬৯৭৭

২১৪ ❖ তারিখঃ ১২/২/২০
প্রোগ্রামার ১ ❖ জরুরী
সহকারী প্রোগ্রামার ১/২ ❖ প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নেটওয়ার্ক প্রকৌশলী ❖ নথিতে পেশ করুন
সহকারী ❖ নথিতে রাখুন
❖ তাগিদ পত্র দিন
সিস্টেম এনালিস্ট- ১/২
আইসিটি সেল, বাপাউবো ঢাকা

E:\Eva Pradhan\order.s-3\N.gonj.doc111